**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২০

তারিখঃ ১৭ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৫১ তম কমিশন সভা অদ্য ০২/১২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় Islami Bank Bangladesh Limited এর ৬০০ কোটি টাকার Mudaraba Redeemable Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully redeemable, Unsecured, Unlisted subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে যা স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইনস্যুরেন্স কোম্পানি, অফসোর ডেভেলপমন্টে আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেটস-সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Islami Bank Bangladesh Limited এর Tier-II Capital মূলধন ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে Green Delta Insurance Company Limited এবং Standard Chartered Bank কাজ করছে।

০২. Desh General Insurance Co. Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১.৬০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৬.০০ (ষোল) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারী ট্রেজারী বন্ড ও ফিক্সড ডিপোজিট, পুঁজি বাজারে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১শে ডিসেম্বর, ২০১৯ তারিখের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১১.৬২ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.৩৬। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Prime Finance Capital Management Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহন শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্য দিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রভিডেন্ড ফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে চাঁদা গ্রহণের তারিখ ফেব্রুয়ারি, ২০২১ সময়ে নির্ধারিত হবে।

চলমান পাতা ১/২

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

০৩. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি UCB AML First Mutual Fund-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা ইউসিবি ম্যানেজমেন্ট লিমিটেড ০২ কোটি টাকা প্রদান করবে এবং বাকি ১৮ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ইউসিবি ম্যানেজমেন্ট লিমিটেড, সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড।

02-12-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"